

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৮৮. "সকল মানুষই ধ্বংস, খারাপ কিংবা পথভ্রম্ভ হয়ে গেছে" এমন কথা বলা

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِذَا سَمِعْتُمْ رَجُلًا يَقُولُ: قَدْ هَلَكَ النَّاسُ فَهُوَ أَهْلَكُهُمْ يَقُولُ اللَّهُ: إِنَّهُ هُوَ هَالِكٌ

"যখন তোমরা কাউকে এ কথা বলতে শুনো যে, সকল মানুষই তো ধ্বংস হয়ে গেছে তা হলে জেনে রাখো, সেই হচ্ছে সব চাইতে বেশি ধ্বংস প্রাপ্ত ও পথভ্রস্ট। আল্লাহ্ তা'আলা বলেনঃ নিশ্চয়ই সেই হচ্ছে সত্যিই ধ্বংস প্রাপ্ত ও পথভ্রস্ট"।[1]

তবে তা তখনই যখন কেউ এমন কথা বলে থাকে নিজকে বড়ো ভেবে ও অতি পবিত্র মনে করে। আর যদি সে এমন কথা বলে থাকে মানুষের চরম ধর্মীয় দুরবস্থা দেখে তথা নিজ মনে খুব একটা ব্যথা অনুভব করে তা হলে তাতে কোন অসুবিধে নেই। অন্য বর্ণনা الْمُلْكُ দিদে এসেছে যার অর্থঃ তা হলে জেনে রাখো, সেই তো সবাইকে ধ্বংসে উপনীত করলো। কারণ, যখন মানুষ তার এ কথা শুনে আল্লাহ্ তা'আলার রহমত থেকে একেবারেই নিরাশ হয়ে যাবে তখন তারা আর তাঁর ইবাদতে উৎসাহী হবে না। এ ভাবেই তারা ধীরে ধীরে ধ্বংসে উপনীত হবে।

ফুটনোট

[1] (আহমাদ্, হাদীস ৭৩৬০, ৭৬৮৫)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11538

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন